গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নৌপরিবহন মন্ত্রণালয়
সংসদ ও সমন্বয় শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.mos.gov.bd

নং-১৮.০০.০০০০.০১৬.০৬.০০১.১৫ (অংশ-৩)-১৭৩ তারিখঃ ১৫-১১-২০১৮ খ্রিঃ

**বিষয় : সচিব সভা।**

**সূত্র : মন্ত্রিপরিষদ বিভাগ এর পত্র নং-০৪.০০.০০০০.৭১২.০৬.০১১.১৮-১১৪, তারিখঃ ১৩-১১-২০১৮।**

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে **মন্ত্রিসভা-বৈঠকে** গৃহীত বিগত ০৪-০৩-২৫০১৮ তারিখের সচিব সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি ও মানীয় প্রধানমন্ত্রীর ১০টি বিশেষ উদ্যোগ সমূহের (প্রযোজ্য ক্ষেত্রে) অগ্রগতি সম্পর্কিত **হালনাগাদ তথ্য** সংবলিত প্রতিবেদনের সফট কপি ও হার্ড কপি ই-মেইলযোগে আবশ্যিকভাবে [redacted] ১৮-১১-২০১৮ বেলা ৩:০০ ঘটিকার মধ্যে নৌপরিবহন মন্ত্রণালয়ের সংসদ ও সমন্বয় শাখায় প্রেরণ নিশ্চিতকরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

<u>সংযুক্তি :</u> বর্ণনামতে ।

(নাহিদ-উল-মোস্তাক)
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৯৫১৫৫৫১

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১। চেয়ারম্যান, চবক/বিআইডব্লিউটিএ/বিআইডব্লিউটিসি/মোবক/বাস্থবক/পাবক/জাতীয় নদী রক্ষা কমিশন।
২। মহাপরিচালক, নৌপরিবহন অধিদপ্তর, মতিঝিল বা/এ, ঢাকা।
৩। প্রধান নির্বাহী কর্মকর্তা, গভীর সমুদ্র বন্দর সেল, বেইলী রোড, ঢাকা।
৪। ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ শিপিং কর্পোরেশন, সল্টগোলা রোড, চট্টগ্রাম।
৫। যুগ্মসচিব, মোবক ও বাস্থবক/চবক ও প্রশাসন/টিএ/বাজেট/জাহাজ ও উন্নয়ন/আইন ও অডিট/যুগ্মপ্রধান, নৌপরিবহন মন্ত্রণালয়।
৬। কমান্ড্যান্ট, মেরিন একাডেমি, জুলদিয়া, আনোয়ারা, চট্টগ্রাম-৪২০৬।
৭। উপসচিব, চবক/টিসি/অডিট ও আইন/পাবক/বিএসসি ও জানরক/টিএ/বাজেট/জাহাজ/নৌ শিক্ষা ও প্রশিক্ষণ/আই.ও নৌপরিবহন মন্ত্রণালয়।
৮। উপ-প্রধান, নৌপরিবহন মন্ত্রণালয়।
৯। অধ্যক্ষ, ন্যাশনাল মেরিটাইম ইন্সটিটিউট, দক্ষিণ হালিশহর, বন্দর, চট্টগ্রাম-৪১০০।
১০। সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব (বাস্থবক ও মোবক/প্রশাসন/বিএসসি/বাজেট), নৌপরিবহন মন্ত্রণালয়।
১১। সিনিয়র সহকারী প্রধান/সহকারী প্রধান (পরিঃ-১/২/৩/৪/৫), নৌপরিবহন মন্ত্রণালয়
১২। প্রোগ্রামার, নৌপরিবহন মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে):

১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়।
২। সচিব মহোদয়ের একান্ত সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়।
৩। অতিরিক্ত সচিব (প্রশাসন/বন্দর/উন্নয়ন/সংস্থা) এর ব্যক্তিগত কর্মকর্তা, নৌপরিবহন মন্ত্রণালয়।
৪। যুগ্মসচিব (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, নৌপরিবহন মন্ত্রণালয়।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
প্রশাসনিক উন্নয়ন ও সমন্বয়-২ শাখা
www.cabinet.gov.bd

সচিবের দপ্তর
☐ পত্র প্রাপ্তির তারিখ..........
☐ অতিরিক্ত সচিব (প্রশাসন)
☐ অতিরিক্ত সচিব (উন্নয়ন)
☐ অতিরিক্ত সচিব (বন্দর)
☐ অতিরিক্ত সচিব (সংস্থা-১)
☐ অতিরিক্ত সচিব (সংস্থা-২)
☐ সচিবের একান্ত সচিব
☐ মন্তব্যঃ
সচিব

স্মারক নং-০৪.০০.০০০০.৭১২.০৬.০১১.১৮-১১৪

তারিখ: [illegible] কার্তিক ১৪২৫ / [illegible] নভেম্বর ২০১৮

বিষয়: সচিব সভা।

আগামী ০৬ অগ্রহায়ণ ১৪২৫/২০ নভেম্বর ২০১৮ তারিখ মঙ্গলবার বিকাল ০৩.০০ ঘটিকায় মন্ত্রিপরিষদ বিভাগের মন্ত্রিসভা কক্ষে (ভবন নম্বর-১, কক্ষ নম্বর-৩০৪), মন্ত্রিপরিষদ সচিব মহোদয়ের সভাপতিত্বে সচিব-সভা অনুষ্ঠিত হবে।

২। উক্ত সভায় অংশগ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

**সভার আলোচ্যসূচি:**

১) বিগত ০৪.০৩.২০১৮ তারিখের সচিব-সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা;
২) মাননীয় প্রধানমন্ত্রীর ১০টি বিশেষ উদ্যোগ সমূহের অগ্রগতি সম্পর্কিত পর্যালোচনা;
৩) সার্বিক প্রশাসনিক বিষয় সম্পর্কিত আলোচনা;
৪) বিবিধ।

২৬.১১.২০১৮
(মোঃ রেজাউল ইসলাম)
উপসচিব
ফোন: ৯৫৮৩৭২২

**বিতরণ:**

১। প্রধানমন্ত্রীর মুখ্যসচিব/মুখ্য সমন্বয়ক (এসডিজি বিষয়ক), প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।

২। সিনিয়র সচিব ........................................................................................ মন্ত্রণালয়/বিভাগ।

৩। সচিব/ভারপ্রাপ্ত সচিব........................................................................... মন্ত্রণালয়/বিভাগ/কার্যালয়

**অনুলিপি:**

১। মন্ত্রিপরিষদ সচিব মহোদয়ের একান্ত সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ।

নৌ-পরিবহন মন্ত্রণালয়
সচিব এর দপ্তর
ডায়রী নং ........
তারিখ ........

অতিরিক্ত সচিবের দপ্তর
ডায়রী নং........
তারিখ........

# শেখ হাসিনার ১০ টি বিশেষ উদ্যোগ

. একটি বাড়ি একটি খামার প্রকল্প
২. আশ্রয়ণ প্রকল্প
৩. ডিজিটাল বাংলাদেশ
৪. শিক্ষা সহায়তা কার্য ক্রম
৫. নারীর ক্ষমতায়ন কার্য ক্রমসমূহ
৬. ঘরে ঘরে বিদ্যুৎ
৭. সামাজিক নিরাপত্তা কার্য ক্রমসমূহ
৮. কমিউনিটি ক্লিনিক ও শিশু বিকাশ
৯. বিনিয়োগ বিকাশ
১০. পরিবেশ সুরক্ষা।

মোহাম্মদ শফিউল আলম
মন্ত্রিপরিষদ সচিব
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

আধাসরকারি পত্রসংখ্যা-০৪.০০.০০০০.৭১২.০৬.০১১.১৮-৩১ তারিখ: ৩০ ফাল্গুন ১৪২৪/১৪ মার্চ ২০১৮

প্রিয় সহকর্মী,

গত ৪ মার্চ ২০১৮ তারিখে অনুষ্ঠিত সচিব-সভায় সক্রিয় অংশগ্রহণ এবং গঠনমূলক আলোচনার জন্য আপনাকে আন্তরিক ধন্যবাদ জানাই। এ সভায় আপনি বিভিন্ন গুরুত্বপূর্ণ বিষয়ে মূল্যবান মতামত প্রদান ও সুপারিশ পেশ করেছেন। সে আলোকে সভায় গৃহীত গুরুত্বপূর্ণ সিদ্ধান্তসমূহ আপনার অবগতি ও কার্যক্রম গ্রহণের সুবিধার্থে নিম্নে তুলে ধরছিঃ

১) সংশ্লিষ্ট স্টেক হোল্ডারদের সঙ্গে সভা করে সাপ্তাহিক ছুটির দিনে সমুদ্র বন্দর, স্থল বন্দর ও বিমান বন্দরের সকল কার্যক্রম আরও গতিশীল করতে হবে;

২) পার্বত্য জেলা, চট্টগ্রাম, কক্সবাজার ও সিলেটসহ যেসব জেলায় পাহাড় ও টিলা রয়েছে সেসব জেলাতে বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তরের প্রতিনিধি নিয়ে কার্যকর পাহাড় ব্যবস্থাপনা কমিটি গঠন করতে হবে;

৩) কক্সবাজারের ঝুঁকিপূর্ণ পাহাড়ি এলাকায় বসবাসরত রোহিঙ্গাদের দ্রুত অন্যত্র সরিয়ে নেওয়ার ব্যবস্থা গ্রহণ করতে হবে;

৪) মন্ত্রণালয়/বিভাগ ও এর আওতাধীন দপ্তর/সংস্থার প্রকল্প কাজে সৎ, দক্ষ ও যোগ্য কর্মকর্তাদের প্রকল্প পরিচালক পদে পদায়ন করতে হবে;

৫) সংক্ষিপ্ত বিচার পদ্ধতির মাধ্যমে মাদক ব্যবসায়ীদের বিরুদ্ধে দ্রুত কার্যকরি ব্যবস্থা নেয়ার বিষয়টি পর্যালোচনা করতে হবে;

৬) মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের কর্মচারীদের প্রয়োজনীয় প্রশিক্ষণ প্রদানের জন্য পুলিশ স্টাফ কলেজ ও বাংলাদেশ লোক প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্রের সাথে সমঝোতা স্মারক স্বাক্ষরের উদ্যোগ নিতে হবে;

৭) মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের সিপাহীদের আগ্নেয়াস্ত্র প্রদান করার আইনগত বিষয়টি পর্যালোচনা করতে হবে;

৮) জেলা প্রশাসন, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর ও তথ্য অধিদপ্তর সম্মিলিতভাবে মাদকবিরোধী কার্যক্রম জোরদার করবে;

৯) সচিবালয়ের ভিতরে ৮ নম্বর ভবনের উত্তর পার্শ্বে নির্মানাধীন ভবনের কাজ দ্রুততম সময়ের মধ্যে শেষ করতে হবে এবং আগামী জুন মাসের মধ্যে অর্থ বিভাগ নতুন ভবনে স্থানান্তর করার উদ্যোগ গ্রহণ করবে;

১০) আগারগাঁওয়ে অবস্থিত ইসলামিক ফাউন্ডেশনের ভবন হতে নির্বাচন কমিশন সচিবালয়ের সরঞ্জামাদি নিজস্ব ভবনে সরিয়ে নেওয়ার ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং এ কাজে অর্থ বিভাগ প্রয়োজনীয় অর্থ বরাদ্দের ব্যবস্থা নিবে;

১১) আন্তঃমন্ত্রণালয় এবং জাতীয় ইস্যুতে কমিটি গঠনের জন্য মন্ত্রিপরিষদ বিভাগে প্রস্তাব প্রেরণ করতে হবে। মন্ত্রিপরিষদ বিভাগ বিষয়টি যথাযথ প্রক্রিয়ায় মাননীয় প্রধানমন্ত্রীর অনুমোদনক্রমে কমিটি গঠন করবে;

১২) জেলা প্রশাসকদের কোন কমিটিতে অন্তর্ভুক্ত করতে হলে মন্ত্রিপরিষদ বিভাগ হতে পূর্বানুমোদন গ্রহণ করতে হবে;

১৩) মন্ত্রণালয়/বিভাগ ও তার অধীনস্থ দপ্তর/সংস্থাসমূহের শূন্যপদ পূরণ করতে হবে;

১৪) মন্ত্রণালয়/বিভাগ এবং আওতাধীন যে সকল দপ্তর/সংস্থা/মাঠপর্যায়ের অফিসে ই-নথি কার্যক্রম শুরু হয়নি সে সকল দপ্তরে দ্রুততম সময়ের মধ্যে ই-নথি কার্যক্রম শুরু করতে হবে;

১৫) বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়নের ক্ষেত্রে মন্ত্রণালয়/বিভাগ সমূহের আওতাধীন দপ্তর/সংস্থার কার্যক্রমের পরিবর্তে নিজ নিজ মন্ত্রণালয়/বিভাগের কার্যক্রমকে প্রাধান্য দিয়ে চ্যালেঞ্জিং লক্ষ্যমাত্রা নির্ধারণ নিশ্চিত করতে হবে;

১৬) মন্ত্রণালয়/বিভাগসমূহে তথ্য অধিকার আইনের বিধান অনুসারে স্বপ্রণোদিতভাবে তথ্য প্রকাশের জন্য 'স্বপ্রণোদিত তথ্য প্রকাশ নির্দেশিকা' প্রণয়ন ও নিয়মিত ভাবে বার্ষিক প্রতিবেদন প্রণয়ন করতে হবে;

১৭) সুশাসন নিশ্চিত করতে অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা জোরদার করতে হবে;

১৮) আন্তঃমন্ত্রণালয় আইনগত বিরোধ/মামলা সমূহের বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক জারিকৃত পরিপত্র যথাযথ অনুসরণপূর্বক মামলাসমূহ নিষ্পত্তি করতে হবে।

২। সচিব-সভার উপর্যুক্ত সিদ্ধান্তসমূহের প্রতি আপনার ব্যক্তিগত মনোযোগ আকর্ষণ করছি এবং প্রযোজ্য ক্ষেত্রে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আপনাকে বিশেষভাবে অনুরোধ করছি।

শুভেচ্ছান্তে,

আন্তরিকভাবে আপনার,

(মোহাম্মদ শফিউল আলম)